সংবাদ

তারিখ 17 JAN 2007
পৃষ্ঠা ৪ কলাম ৩

# জন্মনিবন্ধন সনদ না থাকায় পিরোজপুরে অনেক শিশু স্কুলে ভর্তি হতে পারেনি

প্রতিনিধি, পিরোজপুর

পিরোজপুরের বিভিন্ন ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় শিশু ছেলেমেয়েদের জন্মনিবন্ধন করার জন্য অভিভাবকদের ভিড় পড়েছে। জন্ম নিবন্ধন সনদ না থাকার কারণে পিরোজপুর জেলার ৭টি উপজেলার সরকারি বালক ও বালিকা বিদ্যালয়ে অনেক ছাত্রছাত্রী ভর্তি হতে পারেনি।

জানা গেছে, চলতি শিক্ষাবর্ষে ভর্তির ব্যাপারে জন্মনিবন্ধন সনদ বাধ্যতামূলক করা হয়। গত সপ্তাহে ভর্তি পরীক্ষা সম্পন্ন হলেও উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি হওয়ার ক্ষেত্রে ওই সমস্যায় পড়েছে। ফলে জেলার ৩টি পৌরসভা ও ৫১টি ইউনিয়নে হাজার হাজার মানুষ ভিড় জমিয়েছে তাদের সন্তানদের জন্ম নিবন্ধন সনদ নেয়ার জন্য।